

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৪৫(আগরতলা ২৬। ১০)

আগরতলা, ২৬ অক্টোবর, ২০২৩

নবনিযুক্ত দুই বিচারপতির শপথ

ত্রিপুরা হাইকোর্টের নবনিযুক্ত বিচারপতি সব্যসাচী দত্ত পুরকায়স্থ ও বিচারপতি
বিশ্বজিৎ পালিত আজ শপথ গ্রহণ করেন। আজ সকালে ত্রিপুরা উচ্চ আদালতের এক নম্বর
আদালত কক্ষে আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ
কুমার সিং বিচারপতি সব্যসাচী দত্ত পুরকায়স্থ ও অতিরিক্ত বিচারপতি বিশ্বজিৎ পালিতকে
শপথ বাক্য পাঠ করান। শপথ গ্রহণ অনুষ্ঠানে বিচারপতি অরিন্দম লোধ ও আমন্ত্রিত অতিথিগণ
উপস্থিত ছিলেন।
